



# RAMAKRISHNA MISSION

## SHILLONG

52nd CULTURAL COMPETITION, 2026

Language: Bengali  
Date: 26.07.26

Group: B

Class: VII - VIII  
Time: 11.00 A.M.

### সখার প্রতি

#### - স্বামী বিবেকানন্দ

আঁধারে আলোক-অনুভব, দুঃখে সুখ, রোগে স্বাস্থ্যভান;  
প্রাণ-সাক্ষী শিশুর ক্রন্দন, হেথা সুখ ইচ্ছ মতিমান ?  
দ্বন্দ্বযুদ্ধে চলে অনিবার, পিতা পুত্রে নাহি দেয় স্থান;  
'স্বার্থ' 'স্বার্থ' - সদা এই রব, হেথা কোথা শান্তির আকার ?  
সাক্ষাৎ নরক স্বর্গময় - কেবা পারে ছাড়িতে সংসার ?  
কর্ম-পাশ গলে বাঁধা যার - ক্রীতদাস বলো কোথা যায় ?

যোগ-ভোগ, গার্হস্থ্য-সন্ন্যাস, জপ-তপ, ধন-উপার্জন,  
ব্রত, ত্যাগ, তপস্যা কঠোর, সব মর্ম দেখেছি এবার;  
জেনেছি সুখের নাহি লেশ, শরীরধারণ বিড়ম্বন;  
যত উচ্চ তোমার হৃদয়, তত দুঃখ জানিহ নিশ্চয় ।  
হৃদিবান্ নিঃস্বার্থ প্রেমিক ! এ জগতে নাহি তব স্থান;  
ব্রহ্ম হ'তে কীট-পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,  
মন প্রাণ শরীর অর্পণ কর সাথে এ সবার পায় ।  
বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর ?  
জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর ।